

বন্যার্তদের সাহায্যার্থে বাংলাদেশ আওয়ামী লীগ- অস্ট্রেলিয়ার অনুদানের চেক প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর

ড. ফরিদ আহমেদ, ঢাকা || বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়ার সভাপতি সিরাজুল হক ও সাধারণ সম্পাদক পি.এস.চুর্চুর নেতৃত্বে একটি প্রতিনিধি দল গত ১৬ সেপ্টেম্বর,

গণভবনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করে বন্যার্তদের সাহায্যার্থে অনুদানের চেক হস্তান্তর করেছে।

এ প্রতিনিধি দলে অন্যান্যদের মধ্যে ছিলেন সংগঠনের সিনিয়র যুগ্ম-সাধারণ সম্পাদক গিয়াস উদ্দিন মোল্লা, সিনিয়র, সাংগঠনিক সম্পাদক আব্দুল খাঁন রতন, মহিলা বিষয়ক সম্পাদিকা বিলকিস জাহান ও সাংগঠনিক সম্পাদক মোসলেউর রহমান খুশবু।

শেখ হাসিনা অনুদানের চেক গ্রহণ করে বাংলাদেশ আওয়ামী লীগ- অস্ট্রেলিয়ার নেতৃবৃন্দ সহ অস্ট্রেলিয়া প্রবাসী সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি প্রত্যেক প্রবাসীকে বাংলাদেশের একেক জন দূত উল্লেখ করে জাতির জনকের আদর্শ, মহান মুক্তিযুদ্ধের চেতনা ও দেশের ভাবমূর্তিকে প্রবাসে সমুন্নত রাখার উপর গুরুত্ব আরোপ করেন।

এ সময়ে গণভবনে বঙ্গবন্ধু কন্যা শেখ রেহানা, মাননীয় সংসদ সদস্যবৃন্দ, ছাত্রলীগ, স্বেচ্ছাসেবকলীগ, যুবলীগ, মহিলা লীগ, যুব মহিলা লীগ, কৃষক লীগ ও বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়ার নেতৃবৃন্দ মাননীয় প্রধানমন্ত্রীর সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। যুক্তরাষ্ট্র সফর প্রাকালে নেতৃবৃন্দ তার সফরের সাফল্য কামনা করেন।

